অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/8/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কের ক্ষতিগ্রস্থ অগ্নিনির্বাপক কর্মীদের গভীর শ্রদ্ধা জানিয়েছেন

নিউ ইয়র্কের অগ্নিনির্বাপক নায়কদের সম্মানে ফায়ার ফাইটার অ্যাপ্রিসিয়েশন ডে (Firefighter Appreciation Day) ও অগ্নি প্রতিরোধ সপ্তাহ (Fire Prevention Week) ঘোষণা করা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে, গত বছরে আগুনে যেসব সাহসী নারী-পুরুষ প্রাণ হারিয়েছেন তাদের স্মৃতি ও বীরত্বের প্রতি সম্মান জানাতে এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)-এর নিউ ইয়র্ক স্টেট ফ্যালেন ফায়ার ফাইটারস মেমোরিয়াল (New York State Fallen Firefighters Memorial)-এ 23টি নাম যুক্ত করা হবে।

"নিউ ইয়র্কের অগ্নিনির্বাপক কর্মীরা প্রতিদিন তাদের জীবনের ঝুঁকি নিয়ে থাকেন এবং তারা যে কমিউনিটিগুলোতে সেবাদান করেন সেগুলোকে বিপদ থেকে রক্ষা করতে গিয়ে তাদের অনেকেই সীমাহীন আত্মত্যাগ করেছেন", **গভর্নর কুওমো বলেন।** "ফায়ার ফাইটার অ্যাপ্রিসিয়েশন ডে সেই সমস্ত সাহসী নারী-পুরুষের উত্তরাধিকারীগণকে সম্মাননা প্রদান করে যারা এই স্টেটের জনগণকে রক্ষা করার জন্য তাদের জীবন উৎসর্গ করেছে এবং তাদের চিরদিন মনে রাখার বিষয়টি নিশ্চিত করতে দিবসটি সহায়তা করবে।"

"ফ্যালেন ফায়ার ফাইটারস মেমোরিয়াল অভাবনীয় সাহসের সঙ্গে অকল্পনীয় বিপদের সম্মুখীন হওয়া নারী-পুরুষের উত্তরাধিকারীদের সম্মাননা প্রদান করে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এ বছর 9/11-এর ঘটনায় যে সমস্ত কর্মী আঘাতপ্রাপ্ত ও অসুস্থ হয়েছে, তাদের মধ্যে 10 জন অগ্নিনির্বাপক কর্মীর নামসহ ভাস্কর্যটিতে 23 জনের নাম যুক্ত করা হচ্ছে। তাদের প্রতিটি গল্পই এক একটি বীরত্বের প্রমাণ যারা দৈনন্দিন জীবনের প্রতিটি মুহূর্তেই ডাকে সাড়া দেয় এবং তাদের ইউনিফর্ম পরিধান করে। আমরা তাদের সাহসিকতার পাশাপাশি তাদের পরিবার ও প্রিয়জনদের সাহসিকতা ও আত্মত্যাগকে সম্মান প্রদর্শন করি।"

এ বছর ওয়ালে যুক্ত হওয়া ব্যক্তিদের অনলাইনে পাওয়া যাবে এখানে।

আজ স্মৃতিসৌধে যুক্ত হওয়া ব্যক্তিদের সংযোজনের মাধ্যমে ফ্যালেন ফায়ার ফাইটারস মেমোরিয়াল এই মুহূর্তে 2,575 জন ব্যক্তিকে সম্মাননা জানায় যারা দায়িত্ব পালন করতে গিয়ে প্রাণ হারিয়েছেন। 1998 সালে নিবেদিত ফ্যালেন ফায়ার ফাইটারস মেমোরিয়াল প্রতিবছর স্মৃতিসৌধে নিউ ইয়র্কের ক্ষতিগ্রস্থ অগ্নিনির্বাপক কর্মীদের স্মৃতি ও বীরত্বের প্রতি সম্মাননা প্রদান করে। এই স্মৃতিসৌধ

নিউ ইয়র্ক স্টেটের 100,000-জনেরও বেশি সক্রিয় অগ্নিনির্বাপক কর্মীর প্রতি শ্রদ্ধা নিবেদন করে যারা প্রতিদিন মানুষের নিরাপত্তার নামে জীবন বাজি রেখে দায়িত্ব পালন করে।

আজকের অনুষ্ঠানে, গভর্নর স্টেটের বেতনভোগী ও স্বেচ্ছাসেবক অগ্নিনির্বাপক কর্মীগণের প্রতি সম্মান জানাতে দুইটি ঘোষণাপত্র জারি করেন যার মাধ্যমে মঙ্গলবার, 8 অক্টোবর, 2019 তারিখকে ফায়ার ফাইটার অ্যাপ্রিসিয়েশন ডে এবং অক্টোবর মাসের 6-12, 2019 তারিখ পুরো সপ্তাহজুড়ে আগুন প্রতিরোধ সপ্তাহ হিসেবে চিহ্নিত করা হয়েছে। প্রতিদিন অগ্নি নিরাপত্তাজনিত সচেতনতার গুরুত্ব সম্পর্কে নিউ ইয়র্ক স্টেট অফিস অব ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল (New York State Office of Fire Prevention and Control) স্থানীয় দমকল বিভাগ, ফায়ার সার্ভিস সংস্থা, স্কুল ডিস্টিক্ট, নাগরিক গ্রুপ এবং জাতীয় অগ্নি সুরক্ষা সমিতি (National Fire Protection Association)-এর সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে তথ্য ও কর্মসূচি প্রদান করে থাকেন।

2018 সালে, ফায়ার ডিপার্টমেন্ট স্টেটজুড়ে প্রতিদিন প্রায় 4,360টি অগ্নিকাণ্ড, প্রতি ঘণ্টায় 182টি অগ্নিকাণ্ড এবং প্রতি মিনিটে প্রায় 3.03টি অগ্নিকাণ্ডসহ মোট প্রায় 1,591,572টি অগ্নিকাণ্ডের প্রতি প্রতিক্রিয়া জানিয়েছিল।

নিউ ইয়র্ক স্টেট স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগের (New York State Homeland Security and Emergency Services) কমিশনার প্যাট্রিক এ. মার্ফি বলেছেন, "আজ আমরা 23টি সাহসী আত্মার স্মৃতিকে সম্মান প্রদর্শন করছি যারা তাদের কমিউনিটিকে নিরাপদ স্থানে রাখার চেষ্টা করতে গিয়ে জীবন দিয়েছেন। আমরা যখন তাদের প্রিয়জনের সাথে দাঁড়িয়ে শোক প্রকাশ করি, তখন আমরা যেন কখনো এই নায়কদের সাহস ও আত্মত্যাগ ভুলে না যাই এবং তাদের এই উৎসর্গকে উদাহরণ হিসেবে ব্যবহার করি যা নিউ ইয়র্কের বাসিন্দা হিসেবে আমাদের সবাইকেই জীবনভর তা করা উচিত।"

নিউ ইয়র্ক স্টেট ফায়ার অ্যাডমিনিস্ট্রেটর ফ্রান্সিস নার্নি বলেন, "নিউ ইয়র্ক স্টেট অফিস অব ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল-এর নারী-পুরুষের দোয়া ও চিন্তাধারা এ বছর সম্মানিত সহকর্মী অগ্নিনির্বাপক, বন্ধুবান্ধব ও পরিবারের সবার সঙ্গে রয়েছে। আসুন, আমরা তাদেরকে এবং আমাদের উত্তরাধীকারীদের প্রতি সম্মান জ্ঞাপন করি, যাতে আমরা তাদের উপলব্ধি করতে পারি এবং তাদের সাহসিকতা ও উৎসর্গতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করতে পারি।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "নিউ ইয়র্কের অগ্নিনির্বাপক কর্মীরা নিঃস্বার্থভাবে বিপদের মুখে দাঁড়িয়ে, জীবনের ঝুঁকি নিয়ে তাদের সঙ্গী নিউ ইয়র্কবাসীদের বিপদ থেকে রক্ষা করেন। এই সাহসী নারী-পুরুষগণ সত্যিকার বীর এবং যেসব অগ্নিনির্বাপক কর্মীগণ সীমাহীন আত্মত্যাগ করেছে তাদের সাহসিকতা ও আত্মোৎসর্গের জন্য অবশ্যই সম্মান প্রদর্শন ও স্মরণ করতে হবে। এই ক্ষতিগ্রস্থ অগ্নিনির্বাপক কর্মীরা ব্যাপক কৃতজ্ঞতা পাওয়ার অধিকারী এবং তাদের সেবাদান কীভাবে আমাদের ঘরবাড়ি, কমিউনিটি এবং স্টেটকে নিরাপদ করে তুলেছে সেগুলোরও প্রশংসা ও অনুধাবন করতে হবে।"

সিনেটের সংখ্যালঘু নেতা জন জে. ফ্লানাগান বলেন, "এই বিশেষ দিনে, তাদের সীমাহীন আত্মত্যাগের নিদর্শন হিসেবে আমরা ফ্যালেন ফায়ার ফাইটারস মেমোরিয়াল ওয়ালটিতে 23টি নাম যুক্ত করছি। আমরা তাদের প্রতি শ্রদ্ধা জানাচ্ছি, আমাদের মনে করিয়ে দেওয়া হয় যে হাজারো সাহসী পুরুষ এবং নারী বর্তমানে এই ওয়ালে প্রতিনিধিত্ব করছে এবং আমরা 180,000 জনেরও বেশি অগ্নিনির্বাপক কর্মী যারা স্টেটজুড়ে তাদের সহকর্মী নাগরিকদের জীবন রক্ষা করে তাদের অভিবাদন জানাই। আমার সিনেট সহকর্মীদের সাথে, আমি এই নিঃস্বার্থ ব্যক্তিদের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানাই। নিউ ইয়র্ক স্টেট এই ধরনের পেশাদারী, বীর এবং নিবেদিত পুরুষ এবং নারীদের দ্বারা পরিষেবাপ্রাপ্ত হওয়ায় ধন্য এবং আমরা তাদের পরিষেবা প্রাপ্তি এবং তাদের পরিবারের সমর্থনের জন্য চিরকাল ঋণী থাকব।"

পরিষদের স্পিকার কার্ল হিস্টি বলেন, "আজ সাহসী ব্যক্তিগণ সম্মানিত উচ্চতর আহ্বানের সাড়া দিয়েছেন এবং তা করতে গিয়ে তারা সীমাহীন আত্মত্যাগ স্বীকার করেছেন। অন্যরা যখন বিপদ থেকে পালিয়ে গিয়েছিল তখন তারা এর দিকে দৌড়ে এসেছিল। তারা আমাদের বন্ধু ও প্রিয়জনদের রক্ষা করে জীবন দিয়েছে আর আমরা কখনোই তাদের যথেষ্ট ধন্যবাদ দিতে পারিনি। এই পবিত্র স্মৃতিসৌধ এবং আজকের সেবা তাদের উত্তরাধিকারকে সংরক্ষণ করার জন্য আমাদের প্রতিশ্রুতির প্রতিফলন ঘটাতে পারে।"

অ্যাসেম্বলির সংখ্যালঘু নেতা ব্রায়ান এম. কন্ব বলেন, "আজকে আমরা যে 23টি সাহসী আত্মা শনাক্ত করেছি তারা সত্যিকার অর্থে নায়ক তা প্রমাণিত। নিউ ইয়র্কের অগ্নিনির্বাপকগণ নিঃস্বার্থভাবে নিজেদের আগে অন্যের জীবনকে গুরুত্ব দেয় আর এই সাহসী পেশাদার কর্মীরা তাদের কমিউনিটির জন্য, প্রতিবেশীদের জন্য যা করেছিল তা অপরিমেয়। এই অভাবনীয় ব্যক্তিগণের আত্মত্যাগ এখন চিরকাল ইতিহাসে খোদাই করা থাকবে। আমরা যাদেরকে হারিয়েছি তাদের সকলের জন্য আর যারা আমাদের স্টেটে কাজ করে যাচ্ছে তাদের প্রতি আমি কৃতজ্ঞ এবং ক্ষতিগ্রস্থদের পরিবার ও প্রিয়জনদের প্রতি আমি গভীরভাবে সমবেদনা জানাই।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অব ফায়ার চিফসের সভাপতি জুলিয়াস লিওন বলেন, "আমরা এখানে সমবেত হয়েছি আমাদের ভাই ও বোনদের স্মরণ করার জন্য যারা তাদের কমিউনিটিকে রক্ষা করতে সীমাহীন আত্মত্যাগ করেছে। আজ তাদের সম্মান জানানোর মাধ্যমে আমরা আশা করি তাদের প্রিয়জন এবং তাদের ফায়ার সার্ভিসের পরিবারগুলো কিছুটা সান্ত্বনা পাবে। তাদের বীরত্বপূণ কর্মকাণ্ড ফায়ার সার্ভিসের কাছে তাদের নিষ্ঠা ও সাহসিকতার একটি প্রমাণ। এই ভাই-বোনেরা চিরদিন আমাদের হৃদয়ে বেঁচে থাকবে।"

নিউ ইয়র্ক স্টেট ফায়ারম্যান অ্যাসোসিয়েশনের সভাপতি স্টিভেন ক্লেইন বলেন, "আজ আমরা তাদেরকে শ্রদ্ধা জানাই যারা তাদের দায়িত্ব পালন করতে গিয়ে প্রাণ হারিয়েছেন এবং যাদের অনেকেই তাদের সেবাদান করতে গিয়ে আঘাতপ্রাপ্ত হয়েছেন। এটি বাধ্যতামূলক যে আমরা এই দুর্বল অসুখের কারণ থেকে নিজেদের আরও ভালোভাবে রক্ষা করার উপায় খুঁজে বের করতে থাকি। যাদের আমরা হারিয়েছি, তাদের পরিবারের কাছে আমরা কখনও ভুলতে পারব না আপনার প্রিয়জনকে। এই ওয়ালে তাদের নাম যুক্ত হওয়া নিশ্চিত করে যে তাদের আত্মত্যাগ চিরকাল স্মরণীয় হয়ে থাকবে।"

NYS প্রফেশনাল ফায়ার ফাইটার্স অ্যাসোসিয়েশনের সভাপতি স্যামুয়েল ফ্রেসিনা বলেন, "নিউ ইয়র্ক স্টেট প্রফেশনাল ফায়ার স্যামুয়েল ফ্রেসিনা অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে আমরা আমাদের ক্ষতিগ্রস্থ ভাই-বোনদের স্মৃতির প্রতি সম্মান জানাই যারা আমাদের সকল নিউ ইয়র্কের বাসিন্দাদের সেবা দিতে গিয়ে জীবন হারিয়েছি। দায়িত্ব পালনে তাদের সাহসিকতা ও আত্মত্যাগ কখনো ভোলা যাবে না। তারা চিরকাল আমাদের অন্তরে বেঁচে থাকবে।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন